



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ ও আর্থিক সেবাবুজ্জি বিভাগ

এসিএফআইডি সার্কুলার নং- ০৩

০১ আষাঢ়, ১৪২২
তারিখঃ

১৫ জুন, ২০১৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল বেসরকারী ও বিদেশী ব্যাংক এবং
রূপালী ও বেসিক ব্যাংক লিঃ।

প্রিয় মহোদয়,

পৃথক কৃষি ঋণ বিভাগ/সেল গঠন প্রসঙ্গে।

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকাশক্তি কৃষি। দেশের অর্থনীতিতে কৃষির অবদান অনস্বীকার্য; বিষয়টি বিবেচনায় নিয়ে কৃষি ঋণ বিতরণ, আদায় এবং এ সংশ্লিষ্ট সকল কার্যক্রমের নিবিড় পর্যবেক্ষণ ও তদারকি জোরদার করা প্রয়োজন। এ লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আপনাদের প্রধান কার্যালয়ে কৃষি ঋণ সংশ্লিষ্ট কাজের জন্য পৃথক কৃষি ঋণ বিভাগ/সেল গঠনপূর্বক প্রয়োজনীয় লোকবল পদায়ন এবং শাখা পর্যায়ে ন্যূনতম একজন কর্মকর্তাকে কৃষি ঋণ সংশ্লিষ্ট সকল কাজের জন্য সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করে তা আগামী ২০/০৭/১৫ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

উক্ত বিভাগ/কর্মকর্তা কৃষি ঋণ সংশ্লিষ্ট সকল কাজ যেমনঃ গ্রাহক নির্বাচন, ঋণ প্রস্তাব তৈরিকরণ, মূল্যায়ন, মঞ্জুরি, তদারকি করা, ঋণ বিতরণ, আদায়, জেলা/উপজেলা কৃষি ঋণ কমিটির সভা ও অন্যান্য সভায় অংশগ্রহণ, কৃষকের সাথে সভায় অংশগ্রহণ, ঋণ খেলাপি হওয়ার পূর্বেই তদারকি জোরদারকরণ ইত্যাদি কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রভাষ চন্দ্র মল্লিক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৮